Foreign mediation not needed in Nepal: India

By Amit Baruah

NEW DELHI, FEB. 1. India is of the view that foreign mediation in Nepal is not required and could complicate matters in the Himalayan Kingdom.

There have been several "offers" to mediate between the Nepalese Government and the Maoists, with the most recent move coming from Norway. Earlier this week, the Norwegian Ambassador to Nepal made the offer to mediate.

According to informed sources, the Norwegians seem keen on involving themselves in peace process in places where there is conflict.

After the West Asian peace process and involvement in Sri Lanka, they have now turned their attention to Nepal.

Though India has not welcomed, but merely "noted" the ceasefire announcement coming from the Nepalese Government and the Maoists, the sources are quick to stress that the agreement was reached directly by the parties concerned. No "third party" was involved in this so there was no need for any foreign mediator, the sources said. In the past, the United Nations and some European institutions had offered to mediate in the crisis.

It is also pointed out that the Norwegian record is hardly a great one as far as achieving the ultimate end of peace is concerned. The Oslo peace process, involving the Palestinians, Israelis and the Norwegians, came a cropper and there was little that the mediators could do about it.

Even in Sri Lanka, the Norwegians are grappling with complex issues and it remains to be seen whether Oslo can nudge the process towards a final resolution.

Questions are being raised about the Norwegian involvement in Sri Lanka, with the party of the President, Chandrika Kumaratunga, taking repeated pot shots at the mediators.

As far as the current state of play between the Nepalese Government and the Maoists is concerned, there is little doubt that the agreement has come as a bit of a surprise.

The sources point out that there is a wide divergence of opinion between the "Palace" and the Maoists on a number of issues and even after the ceasefire; the ultra-leftists have not really given up on any of their positions.

They also stress that the Maoist attitude towards the democratic process needs to be closely watched given their earlier approach.

2 2003

ভুটান পাহাড়ে 'অপারেশন অল আউট': সপ্তম দিনে বহু হতাহত, ব্যাপক ধরপাকড়

কত সেনা চলেছে সমরে। ভুটানে জঙ্গি দমনে চলেছেন ভারতীয় জওয়ানেরা। রবিবার গুয়াহাটি থেকে ৮৪ কিমি দূরে তামুলপুরের কাছে ফৌজি ট্রাকে। —এ এফ পি

সেনাদের গুলি-বৃষ্টিতে আমাকে ফেলে জঙ্গিরা উধাও

নিজস্ব সংবাদদাতা: *(অপহৃত ব্যবসায়ী গোপাল দেবনাথ উদ্ধার পেয়ে ফিরে আনন্দবাজারকে বলেছেন তাঁর অভিজ্ঞতার কথা। তারই সারাংশ।)*

ঘুম অনেক আগেই ভেঙে গিয়েছে। ঘণ্টাখানেক আগে চা আর সকালের বরাদ্দ সামান্য জলখাবারও দিয়েছে জঙ্গিরা। খেয়ে চুপচাপ শুয়ে ছিলাম। কিন্তু ৯টা-সাড়ে ৯টা নাগাদ টানা গুলির শব্দই আমাকে বিছানা থেকে উঠিয়ে দিল। ২০ সেপ্টেম্বর সন্ধ্যায় নিশিগঞ্জ বাজার থেকে আমাকে ধরে আনার পরে জঙ্গি শিবিরে আসা ইস্তক গুলির শব্দ মাঝেমধ্যেই পেয়েছি। জেনেছিলাম, প্রশিক্ষণ চলছে। গুলির শব্দ কানে সয়েও গিয়েছিল। কিন্তু ১৫ ডিসেম্বরের গুলির শব্দ আর-পাঁচটা দিনের মতো নয়।

বাইরে বেরিয়ে দেখি, জঙ্গিরা বন্দুক নিয়ে ছোটাছুটি করছে। পাহাড়ে, টিলার উপরে, ঝোপেঝাড়ে লুকিয়ে পড়ে কয়েক জন স্বয়ংক্রিয় আগ্নেয়াস্ত্র থেকে গুলিও চালাচ্ছে। বুঝলাম, ওদের উপরে আক্রমণ হয়েছে। তখন যে কোথাও লুকিয়ে পড়া উচিত, সে-খেয়ালও নেই। কেমন বিহ্বল লাগল। আমার সামনেই শুরু হল গুলির তুমুল লড়াই। কয়েক জন জঙ্গির কথাবার্তায় বুঝতে পারলাম, ভুটানি সেনা ওদের আক্রমণ করেছে।

আচমকা তিন জন আমার হাত ধরে টেনে যে-দিকে গুলির লড়াই চলছে, তার উল্টো দিকে অর্থাৎ শিবিরের পিছন দিক দিয়ে নিয়ে চলল। ওদের মধ্যে এক জনের নাম জানতাম। আনোয়ার। আনোয়ার-সহ তিন জন আমাকে নিয়ে পাহাড়ে উঠতে শুরু করল। আমার ঘোর কেটেছে, মনের সেই জায়গাটা দখল করেছে মৃত্যুভয়। কারণ, ভুটানি সেনা তো আর আমাকে চেনে না। যে-কোনও সময়েই তাদের গুলি আমাকে শেষ করে দিতে পারে। আরও ভয়, জঙ্গিরা নিজেদের এই বিপদের সময় আমাকে বোঝা মনে করেও মেরে ফেলতে পারে।

খাড়াইয়ে ওঠার সময় এই দুশ্চিন্তায় অসাড় হয়ে আসছিল পা। পিছিয়ে পড়ছিলাম। সে-জন্য বহু বার ধমক খেতে হল। দু'-এক বার গুলি করে মেরে ফেলারও হুমকি দিল। প্রাণভয়ে পা চালিয়ে হাঁটার চেষ্টা করছি। এই ভাবেই ১৫ তারিখ সারা দিন পাহাড়ে উঠতে হয়েছে। সন্ধ্যায় একটা পাথরের খাঁজে থেমে রাত কাটালাম। সকাল হতে না-হতেই ফের হাঁটা শুরু। কোথায় যাচ্ছি, কিছুই বুঝতে পারছি না। চার দিকে শুধু পাহাড়, জঙ্গল আর খরস্রোতা নদী।

১৬ তারিখ সকালে খাড়াই বেয়ে কিছুটা ওঠার পরে হঠাৎই সামনে দেখলাম, এক দল ভুটানি সেনা। আমাদের দেখেই ওরা গুলি চালাতে শুরু করল। গুলি-বৃষ্টির সামনে আমাকে ছেড়ে উল্টো দিকে নীচে লাফিয়ে পালাতে শুরু করল তিন জঙ্গি। এক জন আমাকে সঙ্গে আসতে বলল। কিন্তু আমি হাত উঁচু করে ভুটানিদের সামনে বসে পড়লাম। ওরা গুলি চালানো বন্ধ করে দড়ি দিয়ে বেঁধে ফেলল আমাকে। যতই বোঝানোর চেষ্টা করি, আমি জঙ্গি নই, ওদের হাতে অপহৃত, কিন্তু ওরা আমার ভাষা বুঝতে পারল না। চার-পাঁচ কিলোমিটার দূরে ভুটানি সেনাদের অস্থায়ী ছাউনিতে নিয়ে যাওয়া হল আমাকে। বহু চেষ্টার পরে এক অফিসারকে ইংরেজি-হিন্দি মিশিয়ে কোনও রকমে ব্যাপারটা বোঝাতে পারলাম। ওরা আমার বাঁধন খুলে দিল। তিন মাসের মধ্যে এটাই আমার প্রথম মুক্তির স্বাদ পাওয়া। এবং মৃত্যুভয় কাটিয়ে ওঠা।

যে-দিন ওরা আমাকে তুলে এনেছিল, সেই সময় থেকেই মৃত্যুভয় গলায় ফাঁসের মতো আটকে বসেছিল। যে-বাইকে আমাকে তোলা হয়, সেটা নিশিগঞ্জ বাজার থেকে ১০ কিলোমিটার দূরে

এর পর ছয়ের পাতায়

যুদ্ধে জখম যুবরাজ, গুজব জাঁকিয়ে উদ্বেগ দিল্লিতে

স্টাফ রিপোর্টার, গুয়াহাটি, ২১ ডিসেম্বর— আজ ভুটানে জঙ্গিনিধন অভিযান 'অপারেশন অল আউট'-এর সপ্তম দিনেও ভুটানের রাজসেনার হাতে কিছু জঙ্গি ধরা পড়েছে। সংঘর্ষে হতাহত হওয়ার ঘটনা ঘটেছে। ভারতীয় সেনাবাহিনীর একটি সূত্রে আজ বলা হয়, নিহত কিছু জঙ্গির দেহ এবং আহত ও ধরা পড়া কিছু জঙ্গিকে ভুটান থেকে ভারতের সেনাশিবিরে পাঠানো হয়েছে। তবে, ঠিক কত জন হতাহত বা গ্রেফতার হয়েছে, তা ভুটান বা ভারতীয় সেনাসূত্রে বলা হয়নি। দুই সেনাবাহিনীর আশঙ্কা, এখনও ভুটানে কিছু জঙ্গি আত্মগোপন করে আছে।

নয়াদিল্লি থেকে স্টাফ রিপোর্টার জানাচ্ছেন, আজ বিকেলে খবর আসে, ভুটানের যুবরাজ আলফা জঙ্গিদের বিরুদ্ধে অভিযানে আহত হয়েছেন। যুবরাজ কয়েক দিন ধরেই জঙ্গিদের বিরুদ্ধে লড়াইয়ের নেতৃত্ব দিচ্ছিলেন। খবর শুনে প্রধানমন্ত্রীর সচিবালয় উদ্বিগ্ন হয়ে পড়ে। প্রধানমন্ত্রী ভুটান সরকারের সঙ্গে যোগাযোগ করে সঠিক তথ্য জানতে নির্দেশ দেন। তার পরেই তৎপরতা শুরু হয়ে যায় সাউথ ব্লকে। বিদেশমন্ত্রক ভুটান দূতাবাসের সঙ্গে কূটনৈতিক সূত্রে যোগাযোগ করে। কিন্তু ভুটান সরকার এই খবরের সত্যতা অস্বীকার করে জানায়, যুবরাজ ভাল আছেন। উদ্বিগ্ন হওয়ার কারণ নেই।

ঢাকা থেকে নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন, বাংলাদেশে জঙ্গি ঘাঁটি নিয়ে দিল্লির অভিযোগ ফের অস্বীকার করেছে বাংলাদেশ। বিদেশমন্ত্রী জানিয়েছেন, ভুটানে যৌথ সেনা অভিযানের আগে ভুটানের বিদেশমন্ত্রী ঢাকার সঙ্গে কথা বলেছিলেন।

এ দিকে, এই অভিযানের প্রতিবাদে অসমে জঙ্গিদের তিনটি সংগঠনের ডাকা দু'দিনের বন্‌ধের দ্বিতীয় দিনে আজ কম অঞ্চলেই সাড়া মিলেছে। আলফা-নেতৃত্বের আবেদনে সাড়া দিয়ে নাগা জঙ্গি সংগঠন ন্যাশনাল সোসালিস্ট কাউন্সিল অফ নাগাল্যান্ড (এন এস সি এন) আজ ২৪ ঘন্টা নাগাল্যান্ড বন্‌ধ পালন করে। এন এস সি এন (ইশাক-মুইভা)-এর সাধারণ সম্পাদক টি মুইভা বলেছেন, "উত্তর-পূর্ব ভারতে শান্তি আনার জন্য যখন কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের আলোচনা চলছে, তখন এ রকম সেনা অভিযান করে ভারত ও ভুটান— দু'দেশই বর্বরতা দেখিয়েছে। এতে শান্তি-আলোচনা ব্যাহত হতে পারে।" পদস্থ এক সেনা অফিসার অবশ্য এর প্রতিক্রিয়া জানাতে গিয়ে বলেন, "আলোচনা হচ্ছে এন এস সি এন (আই-এম)-এর সঙ্গে। সরকারের বহু আবেদন সত্ত্বেও আলফা এবং এন ডি এফ বি আলোচনায় বসতে রাজি হয়নি। ভুটানে এন এস সি এন-এর কোনও শিবিরও নেই। ওরা কেন অযথা এই সময়ে বিতর্কিত বিবৃতি দিচ্ছে, বোঝা যাচ্ছে না।

ANADABAZAR PATRIKA 22 DEC 2001

মাসুল গুনতে হবে, ভুটানকে পাল্টা হুমকি পরেশের

স্টাফ রিপোর্টার: ছয়দিনের যুদ্ধে কোণঠাসা হয়ে এ বার বাংলাদেশের গোপন ডেরা থেকে ভুটান সরকারকে পাল্টা হুমকি দিলেন আলফার কমান্ডার ইন চিফ পরেশ বড়ুয়া। সেনা অভিযানের জন্য তাদের মাসুল গুনতে হবে বলে তিনি সতর্ক করেছেন ভুটানকে। জঙ্গি শিবিরগুলিতে বসবাসকারী নারী, শিশু ও বৃদ্ধদের আক্রমণ বন্ধ করতে আলফা ভুটান সরকারের কাছে আবেদন করেছিল। সেই আবেদন তো ভুটান রাখেইনি, উল্টে সেনা অভিযান তীব্র করেছে। আলফা নেতারা যে ভাবে নারী, শিশু ও বৃদ্ধদের শিবিরে রেখে নিজেরা গা ঢাকা দিয়েছেন তার সমালোচনাও শুরু হয়েছে। সব মিলিয়ে গত দুই দশকে ঘরে, বাইরে এমন প্রতিরোধে মুখে আগে কখনও পড়েনি আলফা। তাদের বাংলাদেশের ঘাঁটিগুলিই এখন ভারতীয় সেনাবাহিনীর লক্ষ্য।

মিথিঙ্গা দৈরমারির পরে আলফার শীর্ষনেতা বেনিং রাভাও ভুটানে ধরা পড়েছে বলে সেনা সূত্রে শনিবার জানানো হয়েছে। শুক্রবার সামড্রুক জোংখার জেলা সদরের প্রায় ৪০ কিলোমিটার দূরে ভাংটারের এক অরণ্যে দেড় ঘণ্টা যুদ্ধের পর ভুটানের রাজসেনারা বেনিং ও তার দুই সহযোগী 'ক্যাপ্টেন' অমরজিৎ গগৈ ও 'ক্যাপ্টেন' বিপিন চৌধুরি ধরা পড়ে। ভীমকান্ত বুড়াগোঁহাইয়ের মৃত্যু, প্রচার সচিব মিথিংগা দৈমারি ও 'মেজর' রবীন নেওগের ধরা পড়ার পর কিছু সহযোগী-সহ বেনিংয়ের গ্রেফতার হওয়ার খবর আলফা-র কাছে একটা বড় আঘাত। শনিবার ভুটান সেনার হাতে ধরা পড়েছে বিজু ডেকা নামে অন্য এক আলফা জঙ্গি।

এ দিকে উত্তর-পূর্ব ভারতের জঙ্গিরা বাংলাদেশে গা ঢাকা দিয়েছে বলে ভারতীয় সেনাবাহিনীর পক্ষ থেকে গত কয়েকদিন ধরে যে কথা বলা হচ্ছিল, শনিবার তার বিরোধিতা করেছে বাংলাদেশ সরকার। বাংলাদেশের বিদেশমন্ত্রী মোরশেদ খান শনিবার বলেছেন, "আমরা কোনও বিদেশি রাষ্ট্রের জঙ্গিদের আমাদের দেশে আশ্রয় দিই না। ভুটানে যে অভিযান চলছে তার পরিপ্রেক্ষিতে সীমান্ত এলাকায় নজরদারি বাড়ানো হয়েছে। কোনও জঙ্গিকেই আমরা ঢুকতে দেব না বাংলাদেশের ভিতরে।" বাংলাদেশ সরকার যাই বলুক না কেন, ভারতীয় সেনাবাহিনী তথা কেন্দ্রীয় সরকার সূত্রে এ দিন ফের জানানো হয়েছে, আলফার কমান্ডার ইন চিফ পরেশ বড়ুয়া এবং চেয়ারম্যান অরবিন্দ রাজখোয়া বাংলাদেশেই রয়েছেন। মেঘালয়ের গারো পাহাড় সংলগ্ন বাংলাদেশে শিবির তৈরি করেছে আলফা। সেখানে তারা মর্টার, রকেট লঞ্চার মজুত করেছে ইতিমধ্যেই।

সেনা সূত্রে বলা হয়, কোণঠাসা জঙ্গিরা গতকাল ভুটানি সেনাদের একটি কনভয়ে আক্রমণ হানলে এক জওয়ান এবং সিরিং দর্জি নামে এক কম্পিউটার ইঞ্জিনিয়ার মারা যান। অন্য দিকে, মানস অভয়ারণ্যের কাছে ভারতীয় জওয়ানদের গুলিতে তিন জনের মৃত্যু হয়েছে। সেনাসূত্রে এই খবর জানিয়ে বলা হয়, তারা ভুটানের জঙ্গি শিবির থেকে পালিয়ে আসার চেষ্টা করছিল বলে অনুমান করা হচ্ছে। মৃত তিন জনের পরিচয় জানা যায়নি।

ব্রহ্মপুত্র উপত্যকায় বন্ধ: গুয়াহাটি থেকে স্টাফ রিপোর্টারের সংযোজন— ভুটানে সেনা অভিযানের প্রতিবাদে আজ ভোর থেকে অসমে ৪৮ ঘণ্টার ধর্মঘট শুরু হয়েছে। আলফা-সহ তিনটি জঙ্গি সংগঠন এই বন্ধের ডাক দিয়েছে। অসমের বরাক উপত্যকায় জঙ্গিদের ডাকা বন্ধে আজ সাড়া মেলেনি। সেখানকার তিন জেলায় জীবনযাত্রা মোটামুটি স্বাভাবিক ছিল। তবে গুয়াহাটি-সহ কিছু অঞ্চলে বন্ধের প্রভাব পড়েছে। গুয়াহাটির বিভিন্ন অঞ্চলে আজ ঘুরে দেখা গিয়েছে, দোকানপাট প্রায় সবই বন্ধ। রাস্তায় গাড়ি চললেও বাস চলেছে খুবই কম। শনিবার বিভিন্ন প্রতিষ্ঠান বন্ধ থাকা সত্ত্বেও এই কারণে বিভিন্ন স্টপেজে দেখা গিয়েছে যাত্রীদের ভিড়।

ভুটানে সেনা অভিযানের প্রকাশ্য বিরোধিতা শুরু হয়েছে নানা স্থানে। গুয়াহাটিতে 'অসম জাতীয়তাবাদী যুব পরিষদ' এক সমাবেশের আয়োজন করে। তাতে ন্যাশনালিস্ট কংগ্রেস পার্টির প্রধান পূর্ণ সাংমা বলেন, "কেন্দ্রীয় সরকার উত্তর-পূর্বের লোকেদের আস্থা অর্জনে ব্যর্থ হয়েছে। কেন্দ্র বুঝতে চাইছে না, কেন এই অঞ্চলের ছেলেমেয়েরা বার বার হাতে অস্ত্র তুলে নিচ্ছে।" সমাবেশে পরিষদের সভাপতি অপূর্ব কুমার ভট্টাচার্য বলেন, ভুটানের অভিযানে যারা ধরা পড়ছে, তাদের প্রতি আচরণ যেন জেনিভা কনভেনশনের সনদের পরিপন্থী না হয়। বন্দি শিশু, মহিলা, অসুস্থ ও বয়স্কদের মুক্তির দাবিও করেন তিনি। এর আগে

এর পর পাঁচের পাতায়

আনন্দ... ২১/১২/০৩

ANADABAZAR PATRIKA
21 DEC 2003

অভিযানের নেতৃত্বে রাজা ● আলফার প্রতিষ্ঠাতা-সদস্য ভীমকান্তও নিহত

ভুটানের জঙ্গলে জঙ্গি বনাম সেনা ঘোর যুদ্ধ

সঙ্কোশের জঙ্গলে ভারতীয় সেনাবাহিনীর টহল। পিছনেই জঙ্গিদের অস্থায়ী আস্তানা। শুক্রবার। — নারায়ণ দে

স্টাফ রিপোর্টার, কলকাতা ও গুয়াহাটি: রীতিমতো যুদ্ধই হচ্ছে ভুটানের জঙ্গলে। পাঁচ দিনের অভিযানে ভুটানের জঙ্গলে ১৯টি জঙ্গি শিবির ধ্বংস করেছে নিরাপত্তাবাহিনী। দুর্গম এলাকায় আরও ১১টি শিবির আছে। তার সবই আলফার। ওই শিবিরগুলি গুঁড়িয়ে না-দেওয়া পর্যন্ত নিরাপত্তাবাহিনী রণে ভঙ্গ দেবে না বলে সেনাবাহিনী সূত্রে শুক্রবার মন্তব্য করা হয়েছে। ভুটানের মধ্যে ও বাইরে সাঁড়াশি আক্রমণের মুখে জঙ্গিরা দিশাহারা হয়ে পড়েছে। প্রকৃত অর্থেই ঘোরতর যুদ্ধ চলছে ভুটানের জঙ্গলে। সেখানে ভারতীয় সেনারাও সক্রিয়। ভারতীয় বিমানবাহিনীর হেলিকপ্টার চক্কর মারছে ভুটানের আকাশে। প্রতিনিয়ত নামছে সংঘর্ষস্থলে।

গত পাঁচ দিনের অভিযানে প্রায় ১৫০ জন জঙ্গির মৃত্যু হয়েছে। এই তালিকায় আত্মসমর্পণকারী কয়েক জন জঙ্গিও আছে। নিহতের তালিকায় সব থেকে উল্লেখযোগ্য নাম ভীমকান্ত বরগোঁহাই বা মামা। বৃদ্ধ ভীমকান্ত প্রথম দিনের অভিযানে আহত হন। আহত অবস্থাতেই নিরাপত্তাবাহিনী তাঁকে ধরে। সেনা হেফাজতে তাঁর মৃত্যু হয়েছে। আলফার প্রতিষ্ঠাতা-সদস্য এবং বর্তমানে পরামর্শদাতা ভীমকান্ত ভুটানের জঙ্গলের শিবিরে জঙ্গি পরিবারগুলির অভিভাবক ছিলেন। তাঁর সঙ্গে বেশ কিছু শিশু ও মহিলা আহত অবস্থায় ধরা দেন বলে সেনাবাহিনী সূত্রে জানানো হয়েছে। শুক্রবার পর্যন্ত মোট ৫০০ জনকে ভুটানের ভিতর থেকে গ্রেফতার করা হয়। তাঁদের মধ্যে সাত জনের নাম উল্লেখ করার মতো। এদের মধ্যে রয়েছে আলফার প্রচারসচিব মিথিঙ্গা দইমারি, এন ডি এফ বি-র প্রচারসচিব বি এরাকড়া, কে এল ও-র দুই শীর্ষ নেতা টম অধিকারী ও মিল্টন বর্মন।

এ দিকে, ভুটানে 'অপারেশন অল ক্লিয়ার'-এর প্রতিবাদে ৪৮ ঘণ্টার অসম, বড়োল্যান্ড ও কামতাপুর বন্‌ধের ডাক দিয়েছে তিনটি জঙ্গি সংগঠন। আজ, শনিবার সকাল থেকে সোমবার সকাল পর্যন্ত চলবে বন্‌ধ। কে এল ও কামতাপুর বলে যে-এলাকাকে চিহ্নিত করেছে, তার মধ্যে পড়ছে উত্তরবঙ্গের ডুয়ার্স। তাই ডুয়ার্স এলাকায় সুরক্ষা বাহিনীর লোকবল বাড়ানো হয়েছে। উত্তরবঙ্গের আই জি ভূপিন্দর সিংহ বলেন, "এখনও পর্যন্ত বন্‌ধের ব্যাপারে অসম পুলিশ আমাদের কিছু জানায়নি। তবে অসম বন্‌ধ হলে লাগোয়া উত্তরবঙ্গে আমরা সব রকমের সতর্কতা বাড়িয়ে দিই। এ ক্ষেত্রেও আমরা খোঁজখবর নিচ্ছি। প্রয়োজন হলে সতর্কতা দ্বিগুণ করে দেব।" সম্ভাব্য জঙ্গি আক্রমণের আশঙ্কায় অসমের গুরুত্বপূর্ণ শোধনাগার ও বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

(ভুটান থেকে সংবাদ সংস্থা পি টি আই জানাচ্ছে, গত কয়েক দিনের অভিযানে সাফল্য পাওয়ার পরে রয়্যাল ভুটান আর্মির মনোবল বাড়াতে সে-দেশের রাজা স্বয়ং সামনে থেকে ফৌজের নেতৃত্ব দিচ্ছেন। তিনি নিজেই অভিযানের গতিপ্রকৃতির ব্যাপারে দিল্লির সঙ্গে যোগাযোগ রাখছেন। দক্ষিণ ভুটানের ধাংতার এবং নাংলাম এলাকায় মরণপণ সংঘর্ষ চলছে দু'পক্ষে। পশ্চিম ভুটানের সামসে পর্যন্ত ইতিমধ্যেই অগ্রসর হয়েছে নিরাপত্তাবাহিনী। উত্তর ভুটানের দুর্গম অঞ্চলে অবশ্য কোন সংঘর্ষ হচ্ছে না। কারণ, সেখানে অতিরিক্ত ঠান্ডা)।

ইউনাইটেড লিবারেশন ফ্রন্ট অব অসম, কামতাপুর লিবারেশন অর্গানাইজেশন, ন্যাশনাল ডেমোক্র্যাটিক ফ্রন্ট অব বড়োল্যান্ডের তরফে ডাকা হয়েছে ৪৮ ঘণ্টার বন্‌ধ। আলফার কেন্দ্রীয় প্রচার সদস্য রুবি ভুঁইয়া ই-মেলে এ কথা জানিয়ে বলেন, "ভুটান সরকার কোনও হুঁশিয়ারি ছাড়াই সামরিক অভিযান চালিয়ে কেবল অন্যায় করেনি, বয়স্ক, মহিলা, শিশু ও অসুস্থদের উপরেও নির্বিচারে আক্রমণ হেনেছে। এর প্রতিবাদে এবং ভুটানে নিহতদের মরদেহ তাঁদের নিকটাত্মীয়দের হাতে দেওয়ার দাবিতে অসম, বড়োল্যান্ড এবং কামতাপুরে শনিবার ভোর ৫টা থেকে সোমবার ভোর ৫টা পর্যন্ত বন্‌ধ ডাকা হচ্ছে।" অত্যাবশ্যক বিভিন্ন পরিষেবাকে অবশ্য বন্‌ধের আওতা থেকে মুক্ত রাখা হবে বলে ই-মেলে জানানো হয়েছে।

জঙ্গিদের ডাকা এই বন্‌ধে গুয়াহাটি-সহ রাজ্যের সর্বত্র নিরাপত্তা-ব্যবস্থা জোরদার করা হয়েছে। এ দিন মন্ত্রিসভার বৈঠকে এই ব্যাপারে আলোচনা হয়। মুখ্যমন্ত্রী তরুণ গগৈ পুলিশ ও প্রশাসনের পদস্থ অফিসারদের সঙ্গেও বিষয়টি নিয়ে কথা বলেন। তিনসুকিয়া-সহ উত্তেজনাপ্রবণ বিভিন্ন অঞ্চলে রাতেই আধা-সামরিক বাহিনী মোতায়েন করা হচ্ছে। মোতায়েন হচ্ছে সেনাবাহিনীও। রাজ্যের পরিবহণমন্ত্রী অঞ্জন দত্ত জানিয়েছেন, জনজীবন স্বাভাবিক রাখার চেষ্টায় সরকারি বাস ঠিকমতো চালানো হবে।

অসম ছাড়া নিরাপত্তা জোরদার করা হয়েছে অরুণাচলপ্রদেশ, নাগাল্যান্ডেও। অরুণাচলের স্বরাষ্ট্রমন্ত্রী এল ওয়াংলেট বলেন, ভালুকপং, বমডিলা এবং তাওয়াং সেক্টরে নজরদারি বাড়াতে পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে। সাধারণ মানুষের উদ্দেশে আবেদন জানানো হয়েছে, অচেনা বা সন্দেহজনক কাউকে দেখলে সঙ্গে সঙ্গে তাঁরা যেন তা পুলিশকে জানান। কারণ, তাড়া খাওয়া জঙ্গিরা ভুটানের সীমান্ত পেরিয়ে ওখানে ঢুকে পড়তে পারে। সেনা সূত্রে জানা গিয়েছে, প্রাণ বাঁচাতে শতাধিক

এর পর তিনের পাতায়

ANADABAZAR PATRIKA
20 DEC 2003 2003

ভুটানে নিহত ১২০ জঙ্গি

প্রথম পাতার পর

ভুটানের সামচিতে গিয়েও উত্তরবঙ্গের ডিভিশনাল কমিশনার, আই জি এবং জলপাইগুড়ির পুলিশ সুপার কার্যত খালি হাতে ফিরে এসেছেন। ডিভিশনাল কমিশনার বলবীর রাম সন্ধ্যায় বলেন, "সামচি জেলা প্রশাসনের কর্তারা আমাদের কিছুই জানাতে পারেননি।" ডিভিশনাল কমিশনার টম ও মিল্টনের ধরা পড়ার ব্যাপারেও কোনও তথ্য দিতে পারেননি। তিনি শুধু বলেন, "কারা আপনাদের এই খবর দিয়েছে, জানি না। কিন্তু আমাদের কাছে এমন কোনও তথ্য এখনও আসেনি।"

ফুন্টশিলিং (ভুটান) থেকে নিলয় দাস জানাচ্ছেন, ভুটানের স্বরাষ্ট্র দফতরের যুগ্মসচিব ছিরিং ওয়াংদা বলেন, "মোট ক্ষয়ক্ষতির পরিমাণ আমাদের কাছেও স্পষ্ট নয়। তবে ফুকাতং ও মেরেংফুতে আলফার দু'টি সদর দফতর, তিকরিতে এন ডি এফ বি-র সদর দফতর-সহ বেশ কয়েকটি শিবির আমাদের জওয়ানেরা গুঁড়িয়ে দিয়েছেন। দু'পক্ষেরই বেশ ক্ষয়ক্ষতি হয়েছে। কিন্তু তার সবিস্তার খবর আমাদের কাছে নেই। তবে আহতদের দুর্গম পাহাড়ি এলাকা থেকে সরিয়ে আনতে ভারতীয় সেনা জওয়ানেরা সাহায্য করছেন।"

রয়্যাল ভুটান গভর্নমেন্টের একটি প্রেস বিজ্ঞপ্তিতে দাবি করা হয়েছে, সব মিলিয়ে ভুটানে মোট ৩০০০ জঙ্গি ঘাঁটি গেড়ে ছিল। আচমকা হামলা সামলাতে প্রতিটি শিবিরে যাতায়াতের পথে নজরদারি ক্যাম্প, এমনকী ল্যান্ডমাইন পাতা ছিল। শীর্ষস্থানীয় জঙ্গিরা সকলেই সস্ত্রীক শিবিরে থাকতেন। শিবিরে যে বেশ কিছু মহিলা ক্যাডারও রয়েছে, সেটাও নজর এড়ায়নি ভুটান সরকারের। ছিরিং ওয়াংদা বলেন, "ভুটান বৌদ্ধ ধর্মালবম্বীদের দেশ। আমরা কখনওই এখানে রক্তারক্তি চাইনি। কিন্তু বারবার জঙ্গিদের বলার পরেও তারা আমাদের কথায় কান দেয়নি। তাই বাধ্য হয়েই এই সিদ্ধান্ত নিতে হয়েছে।"

বিন্নাগুড়ি থেকে [illegible]জ্যোতি ভট্টাচার্য জানাচ্ছেন, [illegible], জয়ন্তী, পানা, বসরা ধরে ধরে সীমান্তে কড়া নজরদারি করছে ভারতীয় সেনা। এ দিন সঙ্কোশ ও রায়ডাক নদী ধরে ভারতীয় সেনাদের সাঁজোয়া গাড়ি নিয়ে ভুটান সীমান্তের দিকে এগোতে দেখা গিয়েছে। বক্সা পাহাড়ে বৃহস্পতিবার বহু ফৌজি ঘাঁটি গেড়েছে। ঐতিহাসিক বক্সা বন্দি শিবির ও বক্সা জঙ্গলের আঠাশ মাইলে দু'টি হেলিপ্যাড তৈরি করেছে ভারতীয় সেনা। ও-পারেই ভুটানের যোগজুলুম, টপগাঁও এবং পানা ভুটানে [illegible] জঙ্গি শিবির। তিনতালে, [illegible] হেঁটে জয়ন্তী ও বক্সা [illegible]পানা ভুটানের ট্রানজিট [illegible]পচাখাঁয়ে ভারতীয় [illegible] তৈরি হয়েছে। [illegible]কপ্টা[illegible]নে জওয়ানদের জন্য খাদ্যস[illegible] হচ্ছে, খচ্চরের পিঠে ওই শিবি[illegible]য়ে নিয়ে যাওয়া হচ্ছে জল। কুমার[illegible]র সঙ্কোশ বনবস্তির পাশে হাতিনালা নদীর ধার ঘেঁষে সার দিয়ে বসানো হয়েছে ভারতীয় সেনাবাহিনীর কামান। এক কিলোমিটারের মধ্যেই ও-পারে ভুটানের কালীখোলা।

জঙ্গি ঘাঁটি নিশ্চিহ্ন

প্রথম পাতার পর

দাবি জানান। ভুটান এত দিন এই প্রস্তাবে রাজি হচ্ছিল না। উল্টে ভুটানের রাজা নিজেই দু'বার জঙ্গি শিবিরগুলি পরিদর্শন করেন। এই ঘটনা সম্পর্কে ভারত প্রশ্ন তোলে। ভুটানের উপর চাপ দিয়ে তাদের রাজি করানোর পিছনে ব্রজেশ মিশ্র গুরুত্বপূর্ণ ভূমিকা নেন। প্রশ্ন উঠেছে, এত দিন রাজি না হলেও সার্ক সম্মেনের মুখে ভুটান এই প্রস্তাবে রাজি হল কেন? এ প্রশ্নের জবাবে একটি ব্যাখ্যা হল, ভুটান আর্থিক ও বাণিজ্যিক ক্ষেত্রে ভারতের ব্যাপক সহায়তা পেতে চলেছে। এ ব্যাপারে ভারত ভুটানকে আশ্বাস দিয়েছে। সার্ক সম্মেলনে দু'দেশের মধ্যে দ্বিপাক্ষিক আলোচনা হবে।

অন্য একটি ব্যাখ্যা হল, সার্ক সম্মেলনের সময় [illegible]দেশ ও নেপালকেও যাতে চা[illegible] হয় তার জন্যই সম্মে[illegible] বিশেষ চাপ দিয়ে [illegible] করেছে। ভারত এ [illegible]ক 'প্রোঅ্যাকটিভ' কূটনী[illegible]লম্বন করতে চাইছে। ভুটানের সাফল্যের পিছনে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য ও অসমের মুখ্যমন্ত্রী তরুণ গগৈয়ের লাগাতার চাপও অন্যতম কারণ।

নেপালে মাও-জঙ্গিদের উপরেও অভিযান শুরু [illegible]দেশ-নেপাল সীমান্ত সিল কর[illegible]

ANADABAZAR PATRIKA 19 DEC 2003

ভুটানের জঙ্গলে জঙ্গি বনাম সেনা ঘোর যুদ্ধ, বন্‌ধের ডাক

প্রথম পাতার পর

আলফা-কর্মী নাগাল্যান্ডে তুলি ও লুংলাং অঞ্চলে আশ্রয় নিয়েছে। ওই সব অঞ্চল অসমের শিবসাগর জেলার আমগুড়ি রাজস্ব সার্কেলের অধীন ব্যস্ত হালুয়াটিংয়ের কাছে। আত্মগোপনকারী ওই সব জঙ্গির মধ্যে আছে ২২ জন মহিলা। ভুটানের ঘাঁটি থেকে পালানো ওই সব জঙ্গির নেতৃত্বে আছে আলফার অর্পণ হাজরিকা।

এক যুগ ধরে হন্যে হয়ে ধরার চেষ্টা করেও যাকে পুলিশ বা সেনারা ধরতে পারেনি, সেই 'মামা' ভীমকান্ত বরগোঁহাই ভুটানের অভিযানে মারা গিয়েছেন। আলফার অন্যতম প্রতিষ্ঠাতা ও বর্ষীয়ান এই নেতার মৃত্যুর খবরের সত্যতা ভারতীয় সেনা সূত্রে স্বীকার করা হয়েছে। প্রায় ৮৯ বছরের 'মামা' বয়সের ভারে বেশ কিছু কাল আগে হারিয়ে ফেলেছিলেন তাঁর চলাফেরার স্বাভাবিক ক্ষমতা। গোড়া থেকে তিনি ছিলেন ভুটানের জঙ্গি শিবিরে। শেষ কয়েক বছর অবশ্য বাংলাদেশে আত্মগোপনকারী আলফা নেতারা মামার সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগ রাখেননি। আলফার তরফে ই-মেলে জানানো হয়, মামা নিজেকে 'হর্স ডি কমব্যাট' হিসাবে চিহ্নিত করে "অসহায়, নিরস্ত্র শিবিরবাসীদের রক্ষা করার উদ্দেশ্যে ভুটানের ভূমিতে সাদা পতাকা তুলে ধরেছিলেন। তা সত্ত্বেও তাঁকে হত্যা করা হল। যুদ্ধাপরাধীদের এ ভাবে হত্যা করা জেনিভা কনভেনশনের এবং আধুনিক যুদ্ধনীতির বিরোধী।"

জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার থেকে নিজস্ব সংবাদদাতার সংযোজন— এ দিনও কে এল ও-র দুই ধৃত জঙ্গিকে হাতে পেল না জেলা পুলিশ। কালীখোলায় গিয়ে তারা ফিরে এল খালি হাতেই। বৃহস্পতিবার সামসি থেকেও এ ভাবেই ফিরে আসতে হয়েছিল রাজ্য পুলিশের কর্তাদের। সেনা গোয়েন্দা সূত্রে জানা গিয়েছে, সারতাং জেলার জঙ্গলে এ দিন একটি ল্যান্ড মাইন বিস্ফোরণ হয়েছে। তাতে কেউ হতাহত হয়েছেন কি না, তা জানা যায়নি। অন্য দিকে, বুমসাং এলাকায় জঙ্গিরা জোর প্রতিরোধ গড়ে তুলেছে নিরাপত্তাবাহিনীর আক্রমণের মুখে। বক্সায় নিজেদের শক্তি আরও বাড়িয়েছে ভারতীয় ফৌজ।

লোকসভা উত্তাল: দিল্লি থেকে স্টাফ রিপোর্টারের সংযোজন— ভুটান পরিস্থিতি নিয়ে এ দিন উত্তাল হল লোকসভা। কংগ্রেসের সংসদীয় দলের নেতা প্রিয়রঞ্জন দাশমুন্সি প্রসঙ্গটি তুলে বলেন, স্থানীয় অধিবাসীদের সন্ত্রস্ত করার জন্য, জঙ্গিরা অসম-বাংলা সীমান্ত পার করে উত্তরবঙ্গের দিকে চলে আসছে। প্রিয়বাবুর বক্তব্য, "উত্তরবঙ্গে আতঙ্ক ছড়াচ্ছে। জঙ্গিরা স্থানীয় অধিবাসীদের সন্ত্রস্ত করছে। বিরাটনগর, ধুলাবাড়ি এলাকা থেকে আলফা-কামতাপুরী জঙ্গিরা ঢুকছে।" প্রিয়বাবু জানান, শিলিগুড়িও এখন জঙ্গি আতঙ্কে দিশাহারা। কংগ্রেসের অধীর চৌধুরী, সি পি এমের হান্নান মোল্লা প্রিয়বাবুকে সমর্থন করে জানতে চান, পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পশ্চিমবঙ্গ এবং অসমে বাড়তি আধা-সামরিক বাহিনী পাঠানো হয়েছে কি না। তাঁরা এই প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী লালকৃষ্ণ আডবাণীর বিবৃতি দাবি করেন। তাঁদের দাবির মুখে সংসদ বিষয়ক মন্ত্রী সুষমা স্বরাজ জানান, এই বিষয়ে বিবৃতি দেওয়ার জন্য তিনি আডবাণীকে অনুরোধ করবেন।

ANADABAZAR PATRIKA 20 DEC 2003

ভুটানের জঙ্গলে ধৃত ৫০ জঙ্গি

সমর দেব: গুয়াহাটি, বিশ্বজিৎ আচার্য: আলিপুরদুয়ার, সিদ্ধার্থ নাহা: জলপাইগুড়ি

২৪ ডিসেম্বর— পঞ্চাশেরও বেশি আলফা এবং এন ডি এফ বি জঙ্গি আজ দক্ষিণ ও পূর্ব ভুটানের জঙ্গলে ধরা পড়েছে বলে ভুটান ফৌজের সূত্রে জানা গেছে। এ-পর্যন্ত অন্তত ২০০ জঙ্গিকে পাকড়াও করেছে ফৌজিরা। তাঁদের অনেককেই ভারতীয় সেনা অথবা পুলিসের হাতে তুলে দেওয়া হয়েছে। ১০ দিনের জঙ্গি-বিরোধী অভিযানে কে এল ও, আলফা এবং এন ডি এফের অধিকাংশ শিবিরই গুঁড়িয়ে দেওয়ার পর তাদের বড় অংশ শিশু ও মহিলাদের নিয়ে গভীর জঙ্গলে গা-ঢাকা দিয়েছে। একাংশ আসামের ভেতর দিয়ে পালিয়ে মায়ানমারে আশ্রয় নিয়েছে বলে অনুমান করা হচ্ছে। এক সময় মায়ানমারের কাচিনে প্রশিক্ষণ নিয়েই জঙ্গি হামলা শুরু করেছিল আলফা। অরবিন্দ রাজখোয়া, পরেশ বরুয়া ও অনুপ চেতিয়ার মতো প্রথম সারির নেতাদের সকলেই মায়ানমারে প্রশিক্ষণপ্রাপ্ত। মায়ানমারও এবার মুখ ঘুরিয়ে নিচ্ছে। ভারত, ভুটান ও মায়ানমার যৌথভাবে জঙ্গি-বিরোধী অভিযান শুরু করতে পারে বলে তৈরি হচ্ছে। সীমান্তে ভারতীয় সেনার তৎপরতা বাড়ছে। গতকালই মায়ানমারের বিদেশমন্ত্রী দিল্লিতে বলেছেন, ভারতীয় জঙ্গিরা তাঁর দেশে প্রবেশ করলে রেহাই পাবে না। আর এদিনই আসামের তেজপুরে ভারতের প্রতিরক্ষামন্ত্রী জর্জ ফার্নান্ডেজের সভাপতিত্বে উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন লে. জেনারেল মহিন্দার সিং এবং আসামের ডিজিপি পি ডি সুমন্ত। বৈঠক-সংক্রান্ত তথ্য জানাতে অস্বীকার করে সেনা-সূত্র বলেছে, পলাতক জঙ্গিরা আত্মসমর্পণ না করলে সেনাবাহিনী তাদের নিশ্চিহ্ন করে ছাড়বে। আসামের রাজ্যপাল অজয় সিংহ গুয়াহাটিতে এক সাংবাদিক সম্মেলনে বলেছেন, বেশ কয়েকজন গুরুত্বপূর্ণ জঙ্গি নেতা আত্মসমর্পণের জন্য নিরাপত্তারক্ষীদের সঙ্গে যোগাযোগ করেছেন। রাজ্যপাল আত্মসমর্পণে ইচ্ছুক জঙ্গিদের আশ্বাস দিয়ে বলেছেন, যাঁরা আত্মসমর্পণ করবেন, তাঁদের প্রত্যেকের নিরাপত্তার ভার নেবে প্রশাসন। গতকালই আসামের মুখ্যমন্ত্রী তরুণ গগৈ বলেছিলেন, ৩১ ডিসেম্বর পর্যন্ত আত্মসমর্পণে ইচ্ছুক জঙ্গিদের গণমার্জনা করা হবে এবং তাঁদের পুনর্বাসনের দায়িত্ব নেবে সরকার। মুখ্যমন্ত্রীর এই ঘোষণার পর রাজ্যপালের সাংবাদিক সম্মেলন এবং কোনও কোনও জঙ্গির আত্মসমর্পণের আগ্রহের খবরটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। তার দুটি কারণ হতে পারে। এক, পলাতক জঙ্গিদের মনোবল সত্যি-সত্যি ভেঙে পড়েছে। প্রাণহানি এড়াতেই তাঁদের একাংশ আত্মসমর্পণের জন্য ভারতীয় নিরাপত্তারক্ষীদের সঙ্গে যোগাযোগ করতে শুরু করেছেন। দুই, পলাতক ও আবার সংহত হয়ে উঠতে বদ্ধপরিকর জঙ্গিদের মধ্যে হতাশা তৈরি করতেই প্রচারের সাহায্য নিচ্ছে প্রশাসন। জঙ্গিরা যে সম্পূর্ণ ভেঙে পড়েনি, তার প্রমাণ মিলছে। ভুটান-সেনার তৎপরতা ও অভিযান থেকেই বোঝা যাচ্ছে, তাদের আঘাত চলতে থাকবে এবং জঙ্গিরাও প্রত্যাঘাত হানতে জড়ো হচ্ছে।

গোয়েন্দা-সূত্রে জানা গেছে, মঙ্গলবার প্রতিবেশী একটি দেশে আলফা এবং কে এল ও-র প্রথম সারির নেতারা এক বৈঠকে বসেন। আসাম ও উত্তর পশ্চিমবাংলায় এই আঘাত হানার ছক তৈরি। ভুটানের মাটিতে 'অপারেশন ফ্ল্যাশ-আউট' এবং ভারত-ভুটান সীমান্তে ভারতীয় সেনা মোতায়েনের বিরুদ্ধেই পাল্টা আঘাতের পরিকল্পনা নিচ্ছে তারা। কোণঠাসা জঙ্গিদের অস্তিত্ব যে বিপন্ন নয়, তা প্রমাণ করতেই জঙ্গিরা অভিযানে নামার জন্য মানচিত্র তৈরি করছে। এই জন্য তারা জরুরি বার্তা পাঠিয়ে আলফার ১০ জনকে বিদেশ থেকে ডেকেছে। এরা প্রত্যেকেই প্রশিক্ষণপ্রাপ্ত। বড় মাপের প্রত্যাঘাত করার ক্ষমতা রাখে তারা। জঙ্গি নেতারা আলোচনা করে পাল্টা আঘাত হানার পরিকল্পনা করেন বলে মনে করছে ওই সূত্র। এই পরিকল্পনায় এন ডি এফ বি আছে কি না তা জানাতে পারেনি গোয়েন্দা-সূত্র। যদিও কে এল ও জঙ্গি প্রধান জীবন সিংহয়ের সঙ্গে ভূপেশ দাস ওরফে কালিয়ার মতো দেখতে একজন রয়েছে বলে জানা গেছে। গোয়েন্দা-সূত্রটির মতে, জঙ্গিরা পশ্চিমবঙ্গ এবং আসামে ঢোকার জন্য পরিকল্পনা পাকা করে ফেলেছে। ভুটানে সেনাবাহিনীর তাড়া খেয়ে চারজন মহিলা জঙ্গি পাহাড়ের গভীর জঙ্গলে গা-ঢাকা দিয়েছে। এদের মধ্যে তিনজন কে এল ও-র, একজন আলফার। আজ এখানে সাংবাদিকদের এ কথা জানান রাজ্য পুলিসের গোয়েন্দা শাখার এ ডি জি শ্যামল দত্ত। অন্য দিকে, ভারতীয় সেনাদের গুলিতে মৃত্যু হয়েছে একজন কে এল ও জঙ্গির। এর নাম শিশুমোহন রায়। কে এল ও সংগঠনে এর সাঙ্কেতিক নাম রাজেন্দ্র নারায়ণ। সে কে এল ও-র ভুটান শিবিরে চতুর্থ ব্যাচে অস্ত্র প্রশিক্ষণপ্রাপ্ত। ভুটানে সামরিক অভিযান শুরুর সময় জঙ্গি শিশুমোহন ছিল সান্ড্রুপজোংখার দেওখানে আলফার কেন্দ্রীয় প্রধান কার্যালয় শিবিরে। ভুটান-সেনার তাড়া খেয়ে জঙ্গিরা ঢুকে পড়ে গভীর জঙ্গলে। ২১ তারিখ আরও ১৩ জন পলাতক আলফা জঙ্গির সঙ্গে শিশুমোহনও সীমানা টপকে আসামের নলবাড়িতে ঢোকার চেষ্টা করে। ভুটানে অভিযান শুরু হতেই সীমানা ঘিরে রেখেছে ভারতীয় বাহিনী। সীমানার এপারে ভারতীয় বাহিনীর গুলিতে শিশুমোহন-সহ ১৪ জনেরই মৃত্যু হয়। গতকাল নলবাড়িতে সনাক্ত করা গেছে নিহত এই কে এল ও জঙ্গিকে। এর কাছ থেকে একটি এ কে-৪৭ উদ্ধার করা হয়েছে। ভুটানের জঙ্গি শিবিরগুলিতে আলফা, এন ডি এফ বি এবং কে এল ও-র কিছু শীর্ষ জঙ্গি থাকত সপরিবার। এদের স্ত্রীরাও রীতিমতো কট্টর জঙ্গি। এদের মধ্যে একজন, রঞ্জনা সিংহ বুক্কা কে এল ও শিবিরে ধরা পড়েছে ভুটান-বাহিনীর হাতে। একে এখনও ভারতীয় বাহিনীর হাতে প্রত্যর্পণ করা হয়নি।

কে এল ও-র সঙ্গে যোগাযোগ আছে অতুলেরও : আইজি

চিত্রদীপ চক্রবর্তী, শিলিগুড়ি

২৪ ডিসেম্বর— কে এল ও-র সঙ্গে যোগ আছে অতুল রায়েরও। বুধবার শিলিগুড়িতে এ খবর জানিয়েছেন আইজি (উত্তরবঙ্গ) ভূপিন্দার সিং। এদিন নিজের দপ্তরে বসে তিনি বলেন, জীবন সিংহ টাকা পাঠাতেন দুজনের কাছে। একজন নিখিল রায়, অন্যজন অতুল রায়। এ ব্যাপারে যথেষ্ট প্রমাণ আছে আমাদের হাতে। ঠিক সময়ে আমরা এর প্রমাণ দেব। একই সঙ্গে উগ্রপন্থী সংগঠনের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে ব্যবস্থা নেওয়া হবে এই সব কে পি পি নেতার বিরুদ্ধে। তবে অতুল রায় জীবন সিংহকে কোনও চিঠি দিয়েছিলেন কি না তা বলতে চাননি আইজি। বলেছেন, একটু ধৈর্য ধরুন। আরও অনেক কিছু জানতে পারবেন। আপাতত আমরা এই দুজনের যোগাযোগের প্রমাণ হাতে পেয়েছি। এমনকি এদের একাধিক বৈঠকের খবরও রয়েছে আমাদের কাছে। এদিকে আইজি-র এই বক্তব্য শোনার পর কে পি পি-র বর্তমান মুখপাত্র অতুল রায় শিবমন্দিরের বাড়ি থেকে জানান, আমি জীবন সিংহ নামে কাউকে চিনি না। তার ছবি পর্যন্ত কোনওদিন দেখিনি। এবার পরিষ্কার বুঝতে পারছি, ফের চক্রান্ত শুরু হয়েছে কে পি পি ভাঙার জন্য। কাল নিখিল রায়ের নাম বলা হয়েছে। আজ আমার নাম। শুনুন, আমরা জনগণের টাকায় চলি। কোনও সন্ত্রাসবাদী সংগঠনের পয়সা দরকার নেই। আমাকে জেলে ঢোকানোর চক্রান্ত করছে পুলিস।

AAJKAL 25 DEC 2008

Bhutan hands over women, children



Ulfa cadre with their relatives brought from Bhutan to Samdrup Jongkhar, Indo-Bhutan border, on Wednesday. — Eastern Projections

SNS & PTI

GUWAHATI, Dec. 24. — On popular demand in Assam, the Bhutan government today handed over 37 women and 27 children from the camps of the ultras chased away by Royal Bhutan Army during the ongoing 'Operation All Clear' to flush out the militants from Assam and West Bengal from Bhutan even as defence minister Mr George Fernandes assessed the Indian army's success in sealing the frontiers.

The women and children, relatives of the ultras were kept in camps in Bhutan before being handed over to the Nalbari district administration who have lodged them in a relief camp at Tamulpur at the country's border town of Samdrup Jonkhar this afternoon.

'Bangla do a Bhutan'

GUWAHATI, Dec. 24. — Assam governor Lt Gen Ajay Singh, today described the RBA's operation as "significant" and hoped Bangladesh would emulate its example which he said would completely eliminate insurgency from Assam."There are confirmed reports of the existence of Ulfa camps in Bangladesh and of the outfit's commander-in-chief Paresh Barua operating out of Dhaka," he said. — SNS

There has been allegations of rape and torture of the women in sections of the local media buy the Bhutan army before they were handed over to the Indian authorities, since the capture of the ultras but the allegations have been denied by Bhutan.

Bhutan's director, foreign affairs, Mr Yeshey Dorji, said the women and children were returned to respect the wishes of the Indians.

Meanwhile Mr Fernandes was briefed about the counter-insurgency operations by the operational head and he left today for the Indian border with China in Arunachal Pradesh, accompanied by senior military personnel.

Icy Chritsmas: For the fourth time in a row, he is keeping his 'Christmas tryst' with soldiers in Siachen. Carrying a 4.5 tonne giant Christmas cake, Mr Fernandes will visit border outposts on the peaks straddling the Siachen glacier He decided to include this time troops in Tawang on the Sino-Indian border and in Thar desert in Rajasthan.

THE STATESMAN 25 DEC 2003

RBA moving towards western Bhutan

Statesman News Service

NEW DELHI, Dec. 24. — In a move indicative of its successes in clearing eastern Bhutan, the Bhutan army has started increasing its presence in western Bhutan to flush out the North-east insurgent groups from that part of their country.

A senior government official said while there had been some mortar firing in western portion earlier, the Royal Bhutan Army was reported to be moving towards western Bhutan to clear this area of the anti-India insurgent groups. "The Bhutanese operations are going on really well," a government official here said, pointing out that a "couple of hundred militants had already surrendered" and about 70 killed in the operations.

While the militant groups were primarily based along the eastern part of the country, there was some presence in the west as well.

In the initial stages, this part of the country had only witnessed some mortar firing aimed at the insurgent camps, the increased presence of the army would ensure an effective combing operation.

On the part of India, extensive operations on the Bhutanese side had necessitated an increased presence of security forces to prevent them from entering the country once agin or fleeing to Bangladesh through India.

"This is being done," the official said, emphasising that it was still too early to set a deadline for completion. "It depends on the militants... If they surrender as we think they should, it will end soon. If they continue fighting, it may take a little longer," the official pointed out in an interview.

The militants who surrender to the army would be tried in a court of law for waging war against India, he added stating the fate of these ultras.

THE STATESMAN 25 DEC 2004

Good Neighbours

Bhutan shows the way forward for a SAARC common market

Why should the Bhutanese who have not fought a war for 138 years suddenly decide to take up arms against Indian insurgents in their territory? If Bhutan did it only to oblige India, then, it could have easily allowed the Indian Army to do the needful: Move into its territory and smash the camps and settlements of ULFA insurgents. The Royal Bhutan Army was trained and equipped by the Indian Army, and even in the current crisis, it was to the Indian Air Force helicopters that the former turned for help, especially to evacuate army casualties. A Bhutanese official claimed that the operation served the interests of both Bhutan and India. However, the Bhutanese have been extremely sensitive to the demographic composition of their country and indeed there was a large-scale expulsion of the Nepalese from their territory a few years ago. Bhutan is particularly vulnerable in the territory south of the lesser Himalayan mountain range, and, despite repeated urging, had failed to evacuate the ULFA insurgents from this territory, necessitating the present armed action. Bhutan-India cooperation arises not only from a shared security perspective but is also a demonstrated example of mutually beneficial economic cooperation. Should Bhutan's hydro-electric potential be harnessed and sold to energy-hungry India, that would virtually double the former's national income.

Nepal, Bangladesh and Sri Lanka are all in a position to have accelerated economic growth by trading with India. Pakistan too will be a major economic beneficiary if it would extend to India the MFN status and cooperate in promoting the South Asian Free Trade Area (SAFTA), which is going to be the core issue for the SAARC summit next month in Islamabad. However, SAFTA will be impossible to attain in a situation where one of the members acts as a safe haven for terrorists. ASEAN came about only after Indonesia gave up its conflict with Malaysia. Bhutan's action on the eve of the SAARC summit highlights this point. In fact, Bhutan has demonstrated its ability to safeguard its territory from intrusions and unauthorised settlements of armed insurgents from across the border. If the Islamabad SAARC summit cannot establish a free trade area among all seven members of SAARC because of political and security differences, then, there should be an effort to proceed ahead with the common market among the willing partners, leaving out the recalcitrants. Britain was left out of the common market for the first 14 years and even now does not participate in the common currency scheme. The king of Bhutan deserves to be commended for his exemplary resolve to play his full partnership role in the South Asian community.

THE TIMES OF INDIA 24 DEC 2003

Advani rain check to Bhutan

OUR SPECIAL CORRESPONDENT.

New Delhi, Dec. 22: A grateful L.K. Advani today offered Bhutan "whatever" help the kingdom needed to ensure that it does not suffer because of the ongoing offensive against militants, sending a signal to neighbouring countries where anti-India forces are active.

Describing the flushout operation as a "major development" in the region, the deputy Prime Minister said the Indian government and people are grateful to the king of Bhutan, who has always been a good friend and neighbour.

"Whatever Bhutan wants us to do, we shall do when the time comes," Advani said, implying that Delhi will not forget the risk Bhutan has taken in challenging well-armed and well-trained militants who have been waging a separatist war from Bhutanese soil. The United Liberation Front of Asom (Ulfa) had warned the king of reprisals against Bhutanese nationals in the Northeast.

Delhi hopes Bhutan's action will have a positive reaction in the region and make it more difficult for neighbours such as Bangladesh to continue covert help to anti-India militants.

Sources in the Indian security establishment had said Dhaka was consistently denying the presence of Indian militants "despite specific evidence".

The Border Security Force director-general had earlier this month announced handing to Bangladesh a list of 155 camps of the Ulfa, the All Tripura Tiger Force and other Northeast rebel outfits.

Holding up Bhutan as an example, Delhi is now expected to ask "friendly" governments to show their sincerity by not granting sanctuary to Northeast insurgents.

Speaking to reporters after presiding over an Intelligence Bureau lecture this evening, Advani declined to speculate when the Bhutan operation would conclude.

In his speech, the deputy Prime Minister showered praise on India's intelligence agencies which, he said, have often faced unfair criticism. "I respect this organisation in a big way," Advani said to thunderous applause.

But Advani's colleague and finance minister, Jaswant Singh, referred in his lecture to turf battles among different intelligence agencies. "This state of things is intolerable," Singh said.

■ See Pages 8 and 9

THE TELEGRAPH 23 DEC 2003

Army rush to deny bodybags from Bhutan

HT Correspondent
Kolkata, December 22

ALL THE soldiers who have died in Thimpu's battle against the Ulfa and NDFB may not be from the Royal Bhutanese Army. Bodies of 17 Indian soldiers were flown in from Bhutan to the Indian Army's divisional headquarters at Binaguri, Jalpaiguri district, on Monday, unconfirmed reports said.

Army authorities, however, denied knowledge of such casualties. "We do not have any reports of bodies of Indian soldiers reaching Binaguri from Bhutan," a spokesperson at Kolkata told *Hindustan Times*.

But some senior army officers admitted, on the condition of anonymity, that a few Indian soldiers had been killed in the flushout operations in Bhutan and that their bodies had been flown in to Binaguri.

The army cannot, understandably, confirm the casualties since that would amount to acknowledging that Indian troops are fighting alongside the Bhutanese army in that country. The Himalayan kingdom has not officially asked Delhi for help, and without such a formal appeal, the Indian army cannot officially operate in Bhutan.

The Indian army has flown in more consignments of military hardware into Bhutan amid reports that the militants are fighting back fiercely. "It's a full-scale anti-insurgency operation out there. The going is tough since the terrain is inhospitable and the militants have, over the past few years, gained a thorough knowledge of the topography. Both sides are taking in a lot of casualties," a senior officer said.

The militants' ferocious resistance has taken military planners in Bhutan by surprise. They put this down to Thimpu's acceptance of the surrenders of women, children and non-combatants as well as injured militants from the camps last week.

"With the womenfolk, children and others safe in India now, the militants are striking back hard," the officer said. "We had predicted this and had warned the Bhutan government against accepting surrenders of just the women and children. We had asked the government there to insist that the militants, too, surrender with their arms."

More than 20 militants from the Ulfa and NDFB were killed in fighting on Sunday and Monday. A few were captured and a couple of AK-series assault rifles and ammunition seized. Senior officers at the headquarters of the 33 Corps at Sukhna sat huddled in the operations room throughout the day, keeping track of the action.

Army sources said it is likely that the operation would be intensified over the next couple of days. A formal request for help from Bhutan could also come in, paving the way for full-scale operations by Indian forces.

On Page 4

- LTTE lessons help Ulfa fight back against Bhutan army
- Centre asks N-E states to protect Bhutanese

THE HINDUSTAN TIMES 23 DEC 2003

জঙ্গি রোখে আরও তৎপরতা চায় ভুটান

অশোক সেনগুপ্ত

সামদ্রুপ জোংখার (ভুটান), [illegible] ডিসেম্বর— জঙ্গিদের রুখতে চার জেলার প্রশাসনকে আরও সতর্ক ও তৎপর হওয়ার নির্দেশ দিল ভুটান সরকার। জঙ্গিদের সঙ্গে সম্পর্ক রাখার দায়ে দোষী ভুটানিকে সাজা দিতে বিচার ব্যবস্থা যাতে দ্রুত সিদ্ধান্ত নিতে পারে, প্রশাসনকে তা দেখতে বললেন থিম্পুর কর্তারা। প্রশাসন সূত্রের খবর, এই ব্যাপারে সে দেশে যথাযথ আইন থাকলেও তা রূপায়ণে প্রশাসনকে কঠোর ব্যবস্থা নেওয়ার নির্দেশ এই প্রথম।

ভারতের জঙ্গি হঠাতে রাজসেনাদের যে মাপের অভিযানে নামতে হয়েছে ভুটানের ইতিহাসে তা প্রথম। এই অভিযান অনেক সাধারণ নাগরিককে আহত করেছে। ভুটান প্রশাসনের এক পদস্থ অফিসার বলেছেন, "ভবিষ্যতে ভুটানে জঙ্গিদের পুনরায় ঘাঁটি তৈরিতে কেউ যাতে সহযোগিতা না করে, তার জন্যই সংশ্লিষ্ট আইনের সঠিক ও দ্রুত রূপায়ণে বিচার ব্যবস্থাকে প্রয়োজনীয় প্রশাসনিক সহযোগিতার নির্দেশ দিল থিম্পু-প্রশাসন।

ভারত-ভুটান সীমান্ত ৭২০ কিলোমিটার দীর্ঘ। এর মধ্যে শুধু অসমেই ২৬৬ কিমি। পশ্চিমবঙ্গ, অরুণাচল প্রদেশ ও সিকিম— এই তিন রাজ্যের গা ঘেঁষেও রয়েছে এই সীমান্ত। ভবিষ্যতে ভুটানের দুর্গম অরণ্যে ভারতের জঙ্গিদের আবার ঘাঁটি তৈরির আশঙ্কা উড়িয়ে দিতে রাজি নয় ভুটান সরকার। সেই কারণে সতর্ক হল থিম্পু।"

১৯৯১ সাল থেকে দক্ষিণ ভুটানে প্রথমে আলফা, পরে এন ডি এফ বি এবং কে এল ও জঙ্গিরা ঘাঁটি গড়া শুরু করে। থিম্পুর 'ন্যাশনাল অ্যাসেম্বলি'তে এ নিয়ে আলোচনার পর '৯২ সালে ভুটান সরকার প্রণয়ন করে 'জাতীয় নিরাপত্তা আইন'।

এই আইনে বলা হয়, জঙ্গিদের কোনও ভুটানি সাহায্য করলে তার সাজা হবে। ভুটানের সরকারি সূত্রের খবর, প্রথম সাত বছর এই আইনে কারও বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়নি। বিরোধিতা না পেয়ে এবং কিছু ক্ষেত্রে জনসাধারণের একাংশের সহযোগিতায় জঙ্গিরাও তাদের ঘাঁটির সংখ্যা এবং কলেবর বাড়িয়ে গিয়েছে।

সামদ্রুপ জোংখারের পর সংলগ্ন [illegible] সামতসি ও সেমগাংয়ে শুরু হয় জঙ্গি-[illegible] জেলার একটা বড় অংশ অরণ্য বেষ্টিত [illegible] থেকে অনেক দূরে হওয়ায় সরকার[illegible] ব্যাপারে সে ভাবে গুরুত্ব দিতে চায়নি। এর জেরে [illegible] পরিস্থিতি তৈরি হয়, তা সামাল দিতে তিন-চার বছরে '৯২-এর আইন রূপায়ণে প্রশাসন কিছু বাড়তি তৎপরতা দেখায়। কয়েক জনের শাস্তিও হয়।

ক'জনকে এই আইনে শাস্তি দেওয়া হয়েছে, তা অবশ্য জানাতে পারেননি ভুটানের পররাষ্ট্র-অধিকর্তা ইয়েশি দরজি। তিনি বলেন, "গোড়ার দিকে জঙ্গি ঘাঁটির জন্য আমাদের তেমন সমস্যা হয়নি। কিন্তু আস্তে আস্তে ওরা শিল্প-বাণিজ্যে নানা ভাবে বাধা তৈরি করতে থাকে। ওদের দাপটে কয়েকটা স্কুল এবং সাং জংখার জেলায় সিমেন্ট তৈরির লাভজনক 'দুংসাম প্রকল্প' বন্ধ করে দিতে হয়। নাংলাম-সহ একধিক স্থানে আমাদের পুলিশ খুন হয় ওদের হাতে। এত সবের পরেও আমরা সেনা-অভিযান করতে চাইনি। আমরা নানা ভাবে, বার বার ওদের বলেছি ভুটান ছেড়ে চলে যেতে, যায়নি। অভিযান না চালিয়ে আমাদের উপায় ছিল না।"

জাতীয় নিরাপত্তা আইনে জঙ্গিদের সাহায্য বা সহযোগিতা করার দায়ে কেন প্রথম কয়েক বছর দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়নি— এই প্রশ্নে তিনি বলেন, "সত্যি বলতে কি, ভুটানে ভারতে নিষিদ্ধ জঙ্গিদের তৎপরতার ব্যাপারে আমরা নিশ্চিত হই [illegible]তে। তা ছাড়াও, 'ন্যাশনাল অ্যাসেম্বলি'তে প্রণীত আইন বলে কাউকে সাজা দিতে গেলে নিশ্চিত প্রমাণের প্রশ্নও তো থাকে।" ভুটানের লেফটেনান্ট ঝুমি রিনচেন বলেন, "আমাদের যে 'অপ্রিয় কাজ' নিয়ে প্রশ্ন উঠছে, জঙ্গিরা নিজে থেকে ভুটান ছেড়ে চলে গেলে সেই কাজ করতে হতো না।"

কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা সূত্রে জানা গিয়েছে, গত এক যুগে ভুটানের ব্যাঙ্কে জঙ্গিদের অন্তত ৫০০ কোটি টাকা সঞ্চিত হয়েছে। জঙ্গি-বিরোধী অভিযান শুরু হলে ওই টাকা তারা আচমকা তুলে নিতে পারে— এমন আশঙ্কা আগেই করে আসছিল প্রশাসন। এই আশঙ্কায় থিম্পু প্রশাসন অভিযান শুরু করতে দ্বিধা করছিল।

দরজি অবশ্য বলেন, "এই ধরনের কথা আগে শুনিনি। ভুটানের ব্যাঙ্কে বিদেশিদের পক্ষে এত টাকা রাখার যথেষ্ট সুযোগ আছে কি?'

ANADABAZAR PATRIKA

21 DEC 2003

THE STATESMAN

22 DEC 2004

Jigme's participation in operation confirmed



CLEANING UP: A Royal Bhutan policeman shines his shoes during free time on Sunday. — Eastern Projections

Statesman News Service

NEW DELHI, Dec. 21. — Days after reports surfaced that the Bhutanese monarch, King Jigme Singye Wangchuk, was personally supervising operations to flush out insurgents from camps inside Bhutan, Thimpu's envoy to New Delhi, Mr Lyonpo Dago Tshering, confirmed that His Majesty, as commander-in-chief of the Royal Bhutan Army, was present in the area.

Acknowledging that a number of reports had recently appeared in the media about the direct involvement of the King of Bhutan and His Royal Highness Prince Jigyel Ugyen Wangchuck in the flushing-out of militants from Bhutan, Mr Tshering said: "We would like to clarify that owing to communication problems, His Majesty the King had to be in the affected area to closely monitor the activities.

His Majesty is also overseeing the relief arrangements to ensure that if the local population is affected and displaced, the needs of the people are attended to with the immediate required provisions and necessary facilities."

Reports that the monarch was personally leading the operation, were, however, "exaggerated", the envoy said. He also said Prince Jigyel Ugyen Wangchuck "is one of the militia amongst hundreds of men and women who have volunteered as militia. The government has imparted training to the volunteered militia", but "they have not been assigned the task of carrying out the flushing out operation.

They have only been assigned to guarding vital installations such as power plants, development infrastructure, government offices and institutions."

According to Indian officials, the monarch's personal involvement indicates the Bhutanese government's "determination" to ensure that the 30-odd militant-training camps of the Ulfa, NDFB and KLO inside Bhutan are completely destroyed. The tiny Himalayan kingdom has for years attempted to peacefully end the infrastructure of militancy within its borders, through dialogue, but having failed in that attempt, went ahead with the military action. The "exemplary cooperation," officials said, would "serve as an ideal for good neighbourly relations".

Bandh partial in Assam on Day Two

GUWAHATI, Dec. 21. — The 48-hour bandh called by three militant outfits ended evoking only partial response. The Ulfa, NDFB and KLO called the bandh in Assam and parts of north Bengal to protest against the military operations against their cadre in Bhutan by the Royal Bhutan Army. They demanded that the bodies of the killed militants be returned to their families. No untoward incident was reported from the state during the bandh, which had very little impact in Guwahati. Some offices, educational institutions and shops were closed, but private and state transport buses, and private vehicles plied almost as usual. The response to the bandh was in sharp contrast to earlier bandhs called by the Ulfa.

The RBA offensive appears to have rattled the Ulfa, which has appealed to the people to help "freedom fighters". In a statement issued yesterday, Ulfa chief Arabinda Rajkhowa asked Assamese, Bodos and Kamatapuris to sever all ties with Bhutan till the ongoing operations were stopped. He described Bhutan as friend of the enemy (read India) and therefore, an enemy of the Assamese, Bodos and Kamatapuris. — SNS

THE STATESMAN

22 DEC 2004

Bhutan Army yet to hand over captured militants

Debasis Sarkar
SILIGURI 18 DECEMBER

AFTER the death of around 100 militants and six Bhutanese military officials, the Bhutan Army's offensive against the insurgents in southern Bhutan seemed to have lost its momentum on Thursday. The captured KLO, Ulfa and NDFB militants had not been handed over to the Indian Army even on Thursday afternoon.

"The captured militants are being interrogated for further information and we are waiting for the Bhutan government to hand them over to us," said S.N. Gupta, SP, Jalpaiguri.

